২০১৯

বাংলা

( স্নাতকোত্তর )

COURSE NO. : BNG-104

*পূর্ণমান ঃ ৪০*

*সময় ঃ ২ ঘণ্টা*

*দক্ষিণ—প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

**বিভাগ—ক**

যে কোন **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২ × ৪

১। 'তোহে বিসরি মন তাহে সমর্পিলু .....'

— চরণটিতে 'তোহে' ও 'তাহে' বলতে পদকর্তা কাদের বুঝিয়েছেন ?

২। 'লহু লহু হাসে পহু পিরিতির যার'

— 'লহু লহু' বলতে কী বোঝানো হয়েছে ? 'পহু' কে ?

( *Turn Over* )

৩। 'স্বেদ মকরন্দ বিন্দু বিন্দু চুয়ত
বিকশিত ভাব–কদম্ব'

— 'স্বেদ মকরন্দ' ও 'ভাব–কদম্ব' শব্দবন্ধ দুটির বাচ্যার্থ পরিস্ফুট করো।

৪। 'চৈতন্য চরিতামৃত'য় চৈতন্যাবতারের মূলে কৃষ্ণের যে 'অপূর্ণ বাঞ্ছা' গুলির উল্লেখ করা হয়েছে সেগুলি কী কী ?

৫। পাদপূরণ করো ঃ

'অরসজ্ঞ কাক চুষে জ্ঞান নিম্ব ফলে ।
... ... ... ... ... ...

৬। শান্ত রস' ও 'দাস্য রসের' মধ্যে মূল পার্থক্য কোথায় ?— এককথায় বুঝিয়ে দাও ।

৭। রামেশ্বর ভট্টাচার্যের 'শিবসঙ্কীর্তন' কাব্যের মোট পালার সংখ্যা কত ? শেষ পালাটির নাম কী ?

৮। শিবায়ন কাব্যে রামেশ্বরের প্রতিভার সম্যক প্রকাশ ঘটেছে কাব্যের কোন্ অংশে ?

## বিভাগ—খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ৪ × ৪

৯। 'রূপ লাগি আঁখি ঝুরে' — পদটিতে পদকর্তার রোমান্টিক মনোভবের যে প্রকাশ ঘটেছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও ।

১০। 'নীরদ–নয়নে–　　নীর–ঘন–সিঞ্চনে

… … …

বিকশিত ভাব কদম্ব'

— পদাংশটি ব্যাখ্যা করো ।

১১। 'পিয়া যব আওব এ মঝু গেহে ।
মঙ্গল যতহুঁ করব নিজ দেহে ।।'
— কে কেমন করে এই মঙ্গলাচরণ করেছিলেন ? পদটি অবলম্বনে তার সংক্ষিপ্ত পরিচয় দাও ।

১২। টীকা লেখো : 'প্রেমবিলাস বিবর্ত' ।

১৩। টীকা লেখো : 'গৌরতত্ত্ব' ।

১৪। প্রসঙ্গ উল্লেখ করে সংক্ষেপে ব্যাখ্যা করো :

'রাধাভাব অঙ্গী করি ধরি তার বর্ণ ।
তিন সুখ আস্বাদিতে হব অবতীর্ণ ।।'

১৫। শিবায়ন কাব্যে উপস্থাপিত সপুত্র মহাদেবের ভোজন ও দুর্গার পরিবেশনের চিত্রটির বর্ণনা দাও ।

১৬। শিবায়ন কাব্যে কবির লোকায়ত শিল্প চেতনার কয়েকটি দৃষ্টান্ত দাও ।

## বিভাগ—গ

যে কোন **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৮×২

**১৭।** 'তাতল সৈকত বারি বিন্দু সম'– পদটিতে পদকর্তার আত্মনিবেদনের যে পরিচয় আছে তা বর্ণনা করে এর স্বরূপ বিচার করো।

**১৮।** 'চৈতন্যচরিতামৃত'–র মধ্যলীলা ৮ম পরিচ্ছেদ অবলম্বনে সাধ্য–সাধন তত্ত্বটি ব্যাখ্যা করো।

**১৯।** 'অচিন্ত্য ভেদাভেদ' তত্ত্বটি ব্যাখ্যা করো। তত্ত্বটিকে 'অচিন্ত্য' অভিধা দানের কারণ কী ?

**২০।** শিবায়ন কাব্যে লৌকিক শিব চরিত্র চিত্রণে কবির কৃতিত্ব বিচার করো।